

ডিজিটাল নিরাপত্তা আইনে কবি হেনরি স্বপন গ্রেফতার আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর উদ্বেগ

ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়ার অভিযোগে ডিজিটাল নিরাপত্তা আইনে দায়ের করা মামলায় কবি হেনরি স্বপনকে গ্রেফতার করার ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীর উদ্বেগ জানাচ্ছে। পাশাপাশি অনতিবিলম্বে তাকে মুক্তি প্রদানের দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা গেছে, এ মামলার প্রেক্ষিতে দুপুরে কবিকে গ্রেফতার করে পুলিশ। বরিশাল ক্যাথলিক চার্চের ফাদার লরেন্স লাকা ভেলি গোমেজ বাদী হয়ে ১৪ মে ডিজিটাল নিরাপত্তা আইনের ২৮, ২৯ ও ৩১ ধারায় হেনরি স্বপনসহ তিনজনের বিরুদ্ধে মামলা করেন। আরো জানা গেছে, গত ১১ মে অপরিচিত লোকজন কবির বাড়িতে গিয়ে তাকে প্রাণনাশের হুমকি দিয়ে বরিশাল ছাড়তে বলে যার প্রেক্ষিতে কবি থানায় সাধারণ ডায়েরি করেছেন। পুলিশের বক্তব্য অনুযায়ী, সম্প্রতি শ্রীলংকায় গির্জায় হামলার পর বরিশাল খ্রিষ্টান পল্লীতে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সমালোচনা করে ফেসবুকে দেয়া পোস্টকে কেন্দ্র করে এ মামলা ও গ্রেফতার।

কবি হেনরি স্বপনের গ্রেফতারের ঘটনায় আমরা গভীরভাবে উদ্ভিগ্ন। এ মামলা আমাদের ডিজিটাল নিরাপত্তা আইনের মত প্রকাশের স্বাধীনতা ক্ষুণ্ণ করে অযাচিত ব্যবহার সংক্রান্ত শংকাকে আরো বেশি ঘনীভূত করেছে। এ আইনটি প্রণয়নের পূর্ব থেকেই আমরা এ আইনের কয়েকটি ধারা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারার মতই অপব্যবহার হতে পারে বলে আশংকা প্রকাশ করে আসছিলাম। আমরা দ্রুততার সাথে কবি হেনরি স্বপনকে মুক্তি প্রদান, তার নিরাপত্তা জোরদার করা এবং ডিজিটাল নিরাপত্তা আইনের অপপ্রয়োগ রোধে দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাই। আমরা জোর দিয়ে বলতে চাই, একটি সমাজে গণতন্ত্র, আইনের শাসন ও মানবাধিকার চর্চার জন্য মত প্রকাশের স্বাধীনতার বিকল্প নেই।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: 880-2-8126047, 8126134, 8126137, Fax: 880-2-8126045
Email: ask@citechco.net, Website: www.askbd.org